


আটশ ধানে পামরী পোকা দমনে করণীয়

আটশ মওসুমে বাংলাদেশের কোন কোন এলাকায় পামরী পোকার আক্রমণ দেখা যায়। পামরী পোকা কীড়া ও পূর্ণবয়স্ক উভয় অবস্থায় গাছের ক্ষতি করে। কীড়াগুলো পাতার দুই পর্দার মধ্যে সুড়ংগ করে সবুজ অংশ খেয়ে ফেলে। অনেকগুলো কীড়া এভাবে খাওয়ার ফলে পাতা শুকিয়ে যায়। অন্যদিকে পূর্ণবয়স্ক পামরী পোকা পাতার উপর লম্বালম্বিভাবে সবুজ অংশ এমনভাবে কুরে কুরে খায় যে শুধু নীচের পর্দাটা বাকী থাকে। বেশী ক্ষতিগ্রস্ত পাতাগুলো শুকিয়ে পুড়ে যাওয়ার মত মনে হয়।



ধান গাছের ক্ষতিগ্রস্ত পাতা ও পূর্ণবয়স্ক পোকা



পামরী পোকা আক্রান্ত জমি

2017.10.12. 12:46

এই পোকা দমনে নিম্নলিখিত ব্যবস্থাপনা পদ্ধতি অবলম্বন করা যেতে পারে।

- হাতজাল দিয়ে পোকা ধরে মেরে ফেলুন।
- ক্ষেত্রের অধিকাংশে প্রতি গোছায় ৪টি পূর্ণবয়স্ক পামরী পোকা অথবা শতকরা ৩৫ ভাগ ক্ষতিগ্রস্ত পাতা থাকলে নিম্নের যে কোন একটি কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করতে হবে।

কীটনাশক		প্রয়োগ মাত্রা/একর
জেনেরিক নাম	ব্যান্ড নাম	
কার্বারিল	সেভিন ৮৫ এসপি	০.৬৮ কেজি/একর
ক্লোরপাইরিফস	ডার্সবান ২০ ইসি	০.৪০ লিটার/একর
আইসোপ্রোকার্ব/এমআইপিসি	মিপসিন ৭৫ ড্রিউপি	০.৪৪ কেজি/একর
কার্বোসালফান	মার্শাল ২০ ইসি	০.৪৪ লিটার/একর

কীটত্ব বিভাগ

বাংলাদেশ ধান গবেষণা ইনসিটিউট, গাজীপুর



Md. Haque

17.05.2021